

চাই শুধু যুদ্ধটা...

দিলরুবা শাহানা

বেশী কিছু চাইনা,
চাইনা তো চাইনা
চাই শুধু যুদ্ধটা থেমে যাক
ছেলে মোর বেঁচে থাক
তার খুনে কেউ কারো হাত আর না রাঙাক,
যুদ্ধটা থেমে যাক, যুদ্ধটা.....।

বেশী কিছু চাইনা
চাইনাতো চাইনা
চাই শুধু ক্যান্সার দূরে যাক
ক্যান্সার সরে যাক
ক্যান্সার মরে যাক
বোন মোর বেঁচে থাক

বেশী কিছু চাইনা
চাইনাতো চাইনা
চাই শুধু ক্যান্সার সরে যাক
ক্যান্সার মরে যাক
ডেলটা বেঁচে থাক

বেশী কিছু চাইনা
চাইনাতো চাইনা
চাই শুধু যুদ্ধটা থেমে যাক
চাই শুধু ক্যান্সার মরে যাক
ডেলটা বেঁচে থাক
ডেলটা গডরেম* গান গেয়ে যাক।

*ডেলটা গডরেম মিষ্টিকপ্ঠের প্রতিভাময়ী অস্ট্রেলিয়ান গায়িকা কৈশোরেই সে ক্যান্সারে আক্রান্ত হয়, সময়টা ছিল ইরাক আগ্রাসনকাল।